


# ইজিসিবি সংবাদ

ইজিসিবি এর কর্মকান্ড সম্পর্কিত একটি ত্রৈমাসিক প্রকাশনা

বর্ষ ০২, সংখ্যা ০২, অক্টোবর-ডিসেম্বর, ২০২২





*২২ডিসেম্বর,২০২২ বৃহস্পতিবার ইজিসিবি'র ২৫-তম বার্ষিক সাধারণ সভায় উপস্থিত বিদ্যুৎ বিভাগ, বিউবো এবং ইজিসিবি'র কর্মকর্তাবৃন্দের একাংশ। সভায় ইজিসিবির সার্বিক বিষয়ে আলোচনা হয় এবং আলোচনা শেষে অতিথিবৃন্দ নৈশভোজে অংশ নেন।*

## মহান বিজয় দিবস উপলক্ষে ইজিসিবিতে জাতীয় পতাকা উত্তোলন ও বিদ্যুৎ ভবনস্থ মুজিব কর্ণারে পুস্পস্তবক অর্পণ






*মহান বিজয় দিবসে ইজিসিবি'র বিদ্যুৎ কেন্দ্রসমূহে জাতীয় পতাকা উত্তোলন এবং শহীদদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করা হয়। এছাড়াও ইজিসিবি'র পক্ষ হতে বিদ্যুৎ ভবনস্থ মুজিব কর্ণারে পুস্পস্তবক অর্পণ করা হয়।*

৫১ বছর আগে এই দিনে, স্বাধীন বাংলাদেশের জন্ম হয়েছিল রক্তক্ষয়ী যুদ্ধের মাধ্যমে। পাকিস্তান সেনাবাহিনীর নির্মম হত্যাযজ্ঞের মুখোমুখি হয়ে এই ভূমির স্বাধীনতাকামী জনগোষ্ঠী তাদের অটল সংকল্প ও অসীম আত্মত্যাগের বিনিময়ে ইতিহাসের ধারাকে বদলে দেয় এবং বাঙালি জাতিকে এক নতুন শুরুর দিকে নিয়ে যায়।

মহান বিজয় দিবস উৎযাপনের অংশ হিসেবে ইজিসিবি'র বিদ্যুৎ কেন্দ্রসমূহে ১৬ ডিসেম্বর প্রত্যুষে জাতীয় পতাকা উত্তোলন করা হয় এবং শহীদদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করা হয়। এছাড়াও বিদ্যুৎ কেন্দ্রসমূহে জাতীয় জীবনে বিজয় দিবসের তাৎপর্য ও গুরুত্ব সম্বলিত আলোচনা সভা এবং দোয়া-মাহফিল অনুষ্ঠিত হয়। ইজিসিবি'র পক্ষ হতে বিদ্যুৎ ভবনস্থ মুজিব কর্ণারে পুস্পস্তবক অর্পণ করা হয়।

## ইজিসিবি'র ২৫-তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত

২২ ডিসেম্বর,২০২২ বৃহস্পতিবার ইজিসিবি'র ২৫-তম বার্ষিক সাধারণ সভা বিদ্যুৎ ভবনে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিদ্যুৎ বিভাগের সচিব, জনাব মোঃ হাবিবুর রহমান মহোদয়। এছাড়াও ইজিসিবি'র সম্মানিত চেয়ারম্যান, ইজিসিবি বোর্ডের পরিচালকবৃন্দ এবং ব্যবস্থাপনা পরিচালক মহোদয়, পাওয়ার সেল এর মহাপরিচালক মহোদয় এবং বিদ্যুৎ বিভাগ ও বিউবো'র উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে বিদ্যুৎ বিভাগের সম্মানিত সচিব মহোদয়, ইজিসিবি'র চেয়ারম্যান মহোদয়, ব্যবস্থাপনা পরিচালক মহোদয় এবং পাওয়ার সেলের মহাপরিচালক মহোদয় শুভেচ্ছা বক্তব্য প্রদান করেন। অনুষ্ঠানে ইজিসিবি'র সার্বিক দিক সম্পর্কে আলোকপাত করা হয় এবং ইজিসিবি'র উত্তরোত্তর উন্নয়ন ও সমৃদ্ধি কামনা করা হয়। অনুষ্ঠান শেষে অতিথিগণ নৈশভোজে অংশগ্রহণ করেন।

## হরিপুর ৪১২ মেঃওঃ সিসিপিপি তে ফায়ার ড্রিল, কেমিক্যাল স্পিলেজ ও গ্যাস লিকেজ ড্রিল সম্পন্ন

ইজিসিবি'র আওতাধীন নারায়ণগঞ্জের হরিপুরে অবস্থিত ৪১২ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রের কর্মকর্তাদের অগ্নি-নির্বাপন ব্যবস্থা সম্পর্কে সচেতনার অংশ হিসেবে জরুরী অবস্থা মোকাবেলার জন্য গত ২২ ডিসেম্বর,২০২২ তারিখে একটি ফায়ার ড্রিল সম্পন্ন হয়। ড্রিলটি অত্র বিদ্যুৎ কেন্দ্রের প্রশাসন শাখা কর্তৃক আয়োজন করা হয়েছিলো। বিদ্যুৎ কেন্দ্রের সংশ্লিষ্ট সকল কর্মকর্তাবৃন্দ ড্রিলে অংশ নিয়েছিলেন।





*হরিপুর ৪১২ মেঃওঃ সিসিপিপি বিদ্যুৎ কেন্দ্রের ফায়ার ড্রিলের একাংশ*

ইজিসিবি'র আওতাধীন নারায়ণগঞ্জের হরিপুরে অবস্থিত ৪১২ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রের কর্মকর্তাদের কেমিক্যাল স্পিলেজ ও গ্যাস লিকেজ সম্পর্কে সচেতনার অংশ হিসেবে জরুরী অবস্থা মোকাবেলার জন্য গত ২৬ ডিসেম্বর,২০২২ তারিখে একটি কেমিক্যাল স্পিলেজ ও গ্যাস লিকেজ ড্রিল সম্পন্ন হয়। বিদ্যুৎ কেন্দ্রের সংশ্লিষ্ট সকল কর্মকর্তাবৃন্দ ড্রিলে অংশ নিয়েছিলেন।





*হরিপুর ৪১২ মেঃওঃ সিসিপিপি বিদ্যুৎ কেন্দ্রের কেমিক্যাল স্পিলেজ ও গ্যাস লিকেজ ড্রিলের একাংশ*

## সিদ্ধিরগঞ্জ ২X১২০ মেঃওঃ পিপিপি এর উভয় গ্যাস টার্বাইনের এন্যুয়েল ডিপেন্ডেবল ক্যাপাসিটি টেস্ট সম্পন্ন

ইজিসিবি'র নারায়ণগঞ্জের সিদ্ধিরগঞ্জে অবস্থিত ২X১২০ মেঃওঃ পিপিপি এর উভয় গ্যাস টার্বাইনের এন্যুয়েল ডিপেন্ডেবল ক্যাপাসিটি টেস্ট গত ১৫ নভেম্বর ২০২২ তারিখে সম্পন্ন হয়। এ সময় বিউবো, পিজিসিবি এবং বিদ্যুৎ কেন্দ্রের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। বিদ্যুৎ কেন্দ্রের ডিপেন্ডেবল ক্যাপাসিটি ২১০ মেঃওঃ পাওয়া গিয়েছে।



*সিদ্ধিরগঞ্জ ২X১২০ মেঃওঃ পিপিপি এর এন্যুয়েল ডিপেন্ডেবল ক্যাপাসিটি টেস্ট সম্পন্ন*

## সদস্য (উৎপাদন),বিউবো জনাব এস এম ওয়াজেদ আলী সরদার এর সিদ্ধিরগঞ্জ ২X১২০ মেঃওঃ পিপিপি পরিদর্শন

৩ ডিসেম্বর, ২০২২ তারিখে বিউবোর সদস্য (উৎপাদন) জনাব এস এম ওয়াজেদ আলী সরদার মহোদয় সিদ্ধিরগঞ্জ ২X১২০ মেঃওঃ বিদ্যুৎ কেন্দ্র পরিদর্শন করেন। এ সময় সিদ্ধিরগঞ্জ ২১০ মেঃওঃ তাপ বিদ্যুৎ কেন্দ্রের প্রধান প্রকৌশলী এবং অত্র বিদ্যুৎ কেন্দ্রের প্রধান প্রকৌশলী ও অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।



*বিউবোর সদস্য (উৎপাদন) জনাব এস এম ওয়াজেদ আলী সরদার এর সাথে সিদ্ধিরগঞ্জ ২X১২০ মেঃওঃ বিদ্যুৎ কেন্দ্রের কর্মকর্তাগণের আলোচনা সভার একাংশ*

## "শেখ রাসেল দিবস-২০২২" উপলক্ষে বিদ্যুৎ ভবনস্থ শহীদ শেখ রাসেল এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ

শেখ রাসেল দিবস ২০২২
১৮ই অক্টোবর

শেখ রাসেল
নির্মলতার প্রতীক
দুরন্ত প্রাণবন্ত নির্ভীক

*বঙ্গবন্ধুর কনিষ্ঠ পুত্র শেখ রাসেল। মাত্র ১১ বছর বয়সে, ঘাতকের নির্মম বুলেটের আঘাতে মৃত্যুর কোলে ঢলে পড়েন। তিনি বেঁচে থাকলে হয়তো তার কর্মের দ্বারা বাঙালি জাতির ইতিহাসে উজ্জল অবদান রাখতেন। কারন সেই শিশু বয়সেই ব্যক্তিত্বের মাধ্যমে তার স্বরূপ প্রকাশ করেছিলেন। তার কয়েক বৎসরের জীবন বাঙালি জাতির ইতিহাসকে এতই প্রভাবিত করেছেন যে, তিনি বঙ্গবন্ধু সর্বকনিষ্ঠ পুত্রের আসন থেকে নেমে এসে আমাদের বন্ধু হয়ে উঠেছেন।*



*বিদ্যুৎ ভবনস্থ শহীদ শেখ রাসেল এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের একাংশ*

১৮ অক্টোবর,২০২২ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কনিষ্ঠ পুত্র শহীদ শেখ রাসেলের ৫৯ তম জন্মদিন। ১৯৬৪ সালের এই দিনে ধানমন্ডির ঐতিহাসিক স্মৃতি-বিজড়িত বঙ্গবন্ধু ভবনে জন্মগ্রহণ করেন শেখ রাসেল। ১৯৭৫ সালের ১৫ আগস্ট মানবতার শত্রু ঘৃণ্য ঘাতকদের নির্মম বুলেট থেকে রক্ষা পাননি শিশু শেখ রাসেল। বঙ্গবন্ধুর সাথে নরপিশাচরা নির্মমভাবে তাকেও হত্যা করেছিল।

শহীদ শেখ রাসেলের জন্মদিন এবং "শেখ রাসেল দিবস-২০২২" উপলক্ষে বিদ্যুৎ ভবনস্থ শহীদ শেখ রাসেল এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মধ্য দিয়ে বিনম্র শ্রদ্ধা জ্ঞাপন করেন ইজিসিবি এর চেয়ারম্যান এস এম এনামুল কবির, অতিরিক্ত সচিব (সমন্বয়), বিদ্যুৎ বিভাগ এবং ব্যবস্থাপনা পরিচালক মেজর জেনারেল মঈন উদ্দিন (অবঃ) ।

## ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সিদ্ধিরগঞ্জ ৩৩৫ মেঃ ওঃ সিসিপিপি পরিদর্শন

১ নভেম্বর ২০২২ তারিখে ইজিসিবি'র ব্যবস্থাপনা পরিচালক মেজর জেনারেল মঈন উদ্দিন (অবঃ) মহোদয় সিদ্ধিরগঞ্জ ৩৩৫ মেঃ ওঃ সিসিপিপি পরিদর্শন করেন। এসময় প্রধান প্রকৌশলী মহোদয় প্লান্টের সার্বিক কার্যক্রম ও স্টীম টার্বাইনে চলমান মেরামত কাজ সম্পর্কে তাঁকে অবহিত করেন।





*ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের স্টিম টার্বাইনে চলমান মেরামত কাজ পরিদর্শনের একাংশ*

## সিদ্ধিরগঞ্জ ৩৩৫ মেঃ ওঃ সিসিপিপি এর ২০২০-২১ ও ২০২১-২২ অর্থ বছরের শুদ্ধাচার পুরস্কার প্রাপ্তদের সম্মাননা প্রদান।

সিদ্ধিরগঞ্জ ৩৩৫ মেঃ ওঃ সিসিপিপি এর আওতায় বিগত ২০২০-২১ ও ২০২১-২২ অর্থ বছরে সততা ও স্বচ্ছতার সাথে কাজের স্বীকৃতি স্বরূপ শুদ্ধাচার পুরস্কার প্রদান করা হয়। পুরস্কার প্রাপ্তরা হলেন- জনাব প্রীনন মহাজন, জনাব মোহাম্মদ আসিফ ইকবাল, জনাব মোঃ সাইফুল ইসলাম ও জনাব অঞ্জয় সরকার।









*সিদ্ধিরগঞ্জ ৩৩৫ মেঃওঃ সিসিপিপি এর আওতায় শুদ্ধাচার পুরস্কার ২০২০-২০২১ ও ২০২১-২০২২ প্রাপ্ত কর্মকর্তাগণ কে সনদ ও ক্রেস্ট প্রদানের একাংশ*

## ইজিসিবি তে “৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলা” শীর্ষক কর্মশালা, তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন, অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন এবং এপিএ ও ইনোভেশন কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ক প্রশিক্ষণ সম্পন্ন

ইজিসিবিতে ই-গভার্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে ২১/১১/২০২২ তারিখ সকাল ০৯.০০ টা থেকে দুপুর ১২.০০ টা পর্যন্ত কর্পোরেট অফিসের কনফারেন্স রুমে এবং অনলাইনে “৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলা” শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালায় মুল প্রবন্ধ উপস্থাপন করেন ইজিসিবি’র সম্মানিত ব্যবস্থাপনা পরিচালক মেজর জেনারেল মঈন উদ্দিন (অবঃ) মহোদয়। উক্ত কর্মশালায় ইজিসিবি’র ৬০ জন কর্মকর্তা অংশগ্রহণ করেন।

ইজিসিবিতে তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে ১৯/১০/২০২২ তারিখ সকাল ১০.০০ টা থেকে দুপুর ০১.০০ টা পর্যন্ত কর্পোরেট অফিসের কনফারেন্স রুমে এবং অনলাইনে “তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন” শীর্ষক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণে রিসোর্স পার্সন হিসেবে ইজিসিবি’র সম্মানিত ব্যবস্থাপনা পরিচালক মেজর জেনারেল মঈন উদ্দিন (অবঃ) মহোদয় উপস্থিত ছিলেন। উক্ত প্রশিক্ষণে ইজিসিবি’র ৭০ জন কর্মকর্তা অংশগ্রহণ করেন।

ইজিসিবিতে অভিযোগ প্রতিকার বাস্তবায়নের লক্ষ্যে ০৮/১১/২০২২ তারিখ সকাল ৯.০০ টা থেকে দুপুর ০১.০০ টা পর্যন্ত কর্পোরেট অফিসের কনফারেন্স রুমে এবং অনলাইনে “অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন” শীর্ষক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণে রিসোর্স পার্সন হিসেবে জনাব মোঃ নাজমুল আলম, নির্বাহী পরিচালক (পিএন্ডডি) ও জনাব মোঃ রেজওয়ান-উল-ইসলাম, নির্বাহী প্রকৌশলী (আইসিটি) উপস্থিত ছিলেন। উক্ত প্রশিক্ষণে ইজিসিবি’র ৬১ জন কর্মকর্তা অংশগ্রহণ করেন।

ইজিসিবিতে এপিএ এবং ইনোভেশন বাস্তবায়নের লক্ষ্যে ২২/১১/২০২২ তারিখ সকাল ৯.০০ টা থেকে দুপুর ১২.৩০ টা পর্যন্ত কর্পোরেট অফিসের কনফারেন্স রুমে এবং অনলাইনে “এপিএ ও ইনোভেশন কর্মপরিকল্পনা বাস্তবায়ন” শীর্ষক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণে রিসোর্স পার্সন হিসেবে জনাব ড. মোঃ গোলাম ফারুক, অতিরিক্ত সচিব, সুশাসন ও কর্মসম্পাদন ব্যবস্থাপনা, বিদ্যুৎ বিভাগ, উপস্থিত ছিলেন। উক্ত প্রশিক্ষণে ইজিসিবি’র ৭২ জন কর্মকর্তা অংশগ্রহণ করেন।






*ইজিসিবি’র বিভিন্ন দপ্তরের কর্মকর্তাগণের অংশগ্রহণে অনুষ্ঠিত বিভিন্ন কর্মশালা ও প্রশিক্ষণের স্থিরচিত্র*

## ইজিসিবি’র ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের ইজিসিবি লিঃ এর আওতাধীন ফেনী জেলার সোনাগাজী উপজেলায় চলমান প্রকল্পসমূহ পরিদর্শন

ইজিসিবি’র ব্যবস্থাপনা পরিচালক জনাব মেজর জেনারেল মঈন উদ্দিন (অবঃ) ০২ ও ০৩ ডিসেম্বর, ২০২২ তারিখে ফেনী জেলার সোনাগাজী উপজেলায় ইজিসিবি কর্তৃক বাস্তবায়নাধীন সোনাগাজী ৫০ মেঃওঃ সৌর বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প এলাকা পরিদর্শন করেন। এ সময় ব্যবস্থাপনা পরিচালক মহোদয় প্রকল্পের সার্বিক অগ্রগতি সরেজমিনে পরিদর্শন করেন এবং প্রকল্প পরিচালক, ইপিসি ঠিকাদার, Owner’s Engineer এর সাথে প্রকল্পের সার্বিক বিষয়ে আলোচনা করেন। ব্যবস্থাপনা পরিচালক মহোদয় প্রকল্পের কর্মপরিকল্পনা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের কার্যক্রম সম্পন্ন করার নির্দেশনা প্রদান করেন।




*ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সোনাগাজী ৫০ মেঃওঃ সৌর বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প পরিদর্শনের স্থিরচিত্র*

## ইজিসিবি’র আওতাধীন বিদ্যুৎ কেন্দ্রসমূহে ও কর্পোরেট দপ্তরে Employee of the month প্রদান

ইজিসিবি তে কর্মরত সকল কর্মকর্তা ও কর্মচারীদের স্ব স্ব কার্যক্ষেত্রে মূল্যায়ন এবং কার্যক্ষেত্রে উৎসাহ প্রদানের নিমিত্ত বিদ্যুৎ কেন্দ্র হতে বিভিন্ন সময়ে কর্মকর্তা ও কর্মচারীদের মধ্য হতে Employee of the month নির্বাচন করা হয়েছে এবং নির্বাচিত কর্মকর্তা/কর্মচারীকে প্রশংসা পত্র ও ক্রেস্ট প্রদান এবং তাঁর ছবি সম্বলিত ব্যানার প্রদর্শন করা হয়েছে।










*ইজিসিবি’র বিভিন্ন দপ্তর হতে Employee of the Month হিসেবে নির্বাচিত কর্মকর্তা/কর্মচারীগণ*